দৈনিক সংবাদ

তারিখ ... MAR...3 . 1999 ...
পৃষ্ঠা ৭ কলাম ৫......

105

পূর্বধলা থানার প্রাথমিক শিক্ষা

# শিক্ষার্থীদের হাতে এখনো বই পৌঁছেনি

শ্যামগঞ্জ (নেত্রকোনা) থেকে সংবাদদাতা ঃ চলতি শিক্ষা বর্ষের দেড় মাসেরও বেশি সময় অতিক্রান্ত হলেও পূর্বধলা থানার প্রাথমিক বিদ্যালয়সমূহের ছাত্রছাত্রীরা এখনো তাদের পাঠ্য পুস্তকের পুরো সেট হাতে পায়নি। সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অবহেলা, ত্রুটিপূর্ণ বিতরণ পদ্ধতি চালু ও প্রয়োজনীয় বরাদ্দ না থাকায় থানার প্রাথমিক বিদ্যালয়গুলোতে ঠিকমতো বই সরবরাহ করা হয়নি। ফলে কোমলমতি ছাত্রছাত্রীদের লেখাপড়া দারুণভাবে বিঘ্নিত হচ্ছে। ফেব্রুয়ারি মাসের ২য় সপ্তাহ থেকে বই বিতরণ কার্যক্রম শুরু হলে প্রথম শ্রেণী থেকে তৃতীয় শ্রেণী পর্যন্ত বই পাওয়া যায়নি। চতুর্থ ও পঞ্চম শ্রেণীতে পাঠ্য বই বিতরণ করা হলেও চতুর্থ শ্রেণীর বিজ্ঞান, পঞ্চম শ্রেণীর গণিত ও বিজ্ঞান এখনো সরবরাহ করা হয়নি। এছাড়া কিছু কিছু বিষয়ের পুরাতন বই ছাত্র-ছাত্রীদের মধ্যে বিতরণ করা হয়েছে। তবে এসব পুরাতন বইয়ের বেশিরভাগই পড়ার অযোগ্য (ছেঁড়া এবং অনেক বইয়ের পাতা নেই) বলে একজন শিক্ষক জানিয়েছেন। নির্দিষ্ট সময়ে হাতে বই না পাওয়ায় কোমলমতি ছাত্রছাত্রীরা খালি হাতে স্কুলে যাওয়া-আসা করতে বাধ্য হচ্ছে। ফলে সার্বিকভাবে ব্যাহত হচ্ছে তাদের শিক্ষাদান কর্মসূচি।